

জাপানের প্রধানমন্ত্রীর সরকারি ভারত সফর(২৫-২৭ জানুয়ারি ২০১৪)

প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর আমন্ত্রণে জাপানের প্রধানমন্ত্রী মহামান্য শিনজো আবে আগামী ২৫-২৭ জানুয়ারি ২০১৪. ভারতে সরকারি সফর করবেন। প্রধানমন্ত্রী আবে ভারতের প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি হবেন।

প্রধানমন্ত্রী আবে ভারত-জাপান বার্ষিক বার্তালাপ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর সংগে মিলিত হবেন। এই বার্তালাপে ভারত জাপান স্ট্র্যাটেজিক ও আন্তর্জাতিক অংশীদারীতে নতুন বিষয় ও উপাদান যুক্ত হবে। সফররত প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি প্রণব মুখার্জির সংগেও সাক্ষাৎ করবেন এবং ২৬ জানুয়ারি ২০১৪ প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজ প্রত্যক্ষভাবে দর্শন করবেন।

সহধর্মিণী স্রীমতি আকিয়ে আবে প্রধানমন্ত্রী আবে সফরসঙ্গী হবেন।

নয়াদিল্লি

২২ জানুয়ারি ২০১৪